West Bengal Form No. 27

# FIRST INFORMATION REPORT

(Under Section 154 Cr. P.C.)

6311

1. Dist. ........ P.S. Pradhannagar Year 2022 FIR No. 973/22 Date 22/11/2022.
2. i) Act I.P.C. Sections 341/354B/ ii) Act ........ Sections ........
   (iii) Act ........ Sections 325/506/34 IPC (iv) Others Acts & Sections ........
3. (a) Occurrence of Offence : Day ........ Date From 16/09/2022 Date To ........
   Time Period ........ Time From at about 10.00 hrs. Time To ........
   (b) Information received at P.S. Date 22/11/2022 Time 19.55 hrs.
   (c) General Diary Reference : Entry No(s). 1445/22 Time 19.55 hrs.
4. Type of Information : Written. Written / Oral
5. Place of Occurrence : (a) Direction and Distance from P.S. ........ Beat No. ........
   (b) Address Narayan Busty, P.O. Sallari, P.S. Pradhannagar, Dist. Darjeeling.
   (c) In case outside limit of this Police Station, then the
   Name of the P.S. ........ District ........
6. Complainant / Informant :
   (a) Name Smt. Puja Mahato
   (b) Father's / Husband's Name W/O- Suraj Mahato
   (c) Date / Year of Birth : ........ (d) Nationality Indian
   (e) Passport No. ........ Date of Issue : ........ Place of Issue ........
   (f) Occupation ........
   (g) Address Narayan Busty, P.O. Sallari, P.S- Pradhannagar, Dist. Darjeeling.
7. Details of known / suspected / unknown accused with full particulars
   (Attach separate sheet, if necessary) :
   (1) Mahammad Ali (2) Hasida Begum
   W/O- Mahammad Ali
8. Reasons for delay in reporting by the Complainant / Information
   Illness of complt.
9. Particulars of properties stolen / involved (Attach separate sheet, if necessary) :
10. Total value of properties stolen / involved ........
11. Inquest Report / U.D. Case No., if any N/A.
12. FIR Contents (Attach separate sheets, if required) : The Original written complaint which is treated as F.I.R. is enclosed herewith.
13. Action taken : Since the above report reveals commission of offence(s) as mentioned at item No. 2., registered the case and took up the investigation / directed SI, Yoeel Lepcha. to take up investigation / refused investigation / transferred to P.S. ........ on point of jurisdiction. FIR read over to the Complaint/ Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant / Informant free of cost.
14. Signature / Thumb impression of the Complainant / Informant
    Noted in written complt.
15. Date & Time of despatch to the court :

Signature of the Officer-in-Charge, Police Station

Inspector-in-Charge
Pradhannagar Police Station
Siliguri Police Commissionerate

Name : SI, Mahesh Singh

Rank : No. Sub- Inspr. of Police.

22.11.2022

Dated : ~~18~~ 22/11/22

To

The Inspector-in-Charge

Pradhan Nagar Police Station,

Under Siliguri Police Commissionerate

Siliguri, Dist. Darjeeling.

Sub:- Complaint.

মহাশয়,

আমি শ্রীমতি পুজা মাহাতো, স্বামী - সুরজ মাহাতো, সাকিন - নারায়ন বস্তী, ডাকঘর - শালবাড়ি, থানা - প্রধাননগর, জেলা - দার্জিলিং এই মর্মে আপনার কাছে অভিযোগ করছি যে, গত জুলাই মাসে আমার পাশের বাড়ির মহম্মদ আলি এবং তার স্ত্রী হাসিদা বেগম আমার কাছ থেকে ৪০০০/- টাকা ঋন নেয় এবং আমাকে প্রতিশুতি দেয় সেই টাকা তারা আগষ্ট মাসের শেষ সপ্তাহে আমাকে ফিরিয়ে দেবে। যখন আগষ্ট মাসের শেষ সপ্তাহে আমি তাদের কাছে আমার এই টাকা ফিরিয়ে দেবার অনুরোধ করি তখন তারা সেই টাকা দিতে অস্বীকার করে এবং বলে সেই টাকা তারা দেবে না এবং আমাকে গালিগালাজ করে আর বলে তাদের বাড়ির সামনে যেন আমাকে বা আমার পরিবারের কাউকে না দেখা যায় অন্যথায় তারা আমাদের পিটাবে। গত ১৬-০৯-২০২২ তারিখে সময় আনুমানিক সকাল ১০ টা নাগাদ আমার বাচ্চারা আমার বাড়ির সামনে খেলাধূলা করছিল ঠিক সেই সময় বাচ্চাদের খেলার বল গিয়ে মহম্মদ আলির দরজায় লাগে সেই কারনেই আমার পাশের বাড়ির মহম্মদ আলি, পিতা - অজানা এবং তার স্ত্রী হাসিদা বেগম, স্বামী - মহম্মদ আলি এসে আমার বাচ্চাদের অকথ্য ভাষায় গালিগালাজ করতে থাকে এবং আমি গালিগালাজ শুনে বাইরে এসে তার প্রতিবাদ করায় মহম্মদ আলি আমাকে

পুজামহাতো

অপর পৃষ্ঠায়............২

Received on 22/11/2022 at 19.55 hrs. vide PDN. PS. G.D. Entry no. 1445/22 dt. 22/11/22 and started PDN PS case no. 973/22 dt. 22/11/2022 u/s- ~~363/365 IPC~~ 341/354 B/ 325/506/34 IPC. and endorsed it to SI, Youel Lepcha for investigation

Inspector-In-charge
Pradhannagar Police Station
Siliguri Police Commissionerate

22.11.2022

ধাক্কা মেরে মাটিতে ফেলে দেয় এবং আমি মাটিতে পরে থাকা একটি বাঁশের কঞ্চি নিয়ে আমার ছেলেকে কৃষ্ণা মাহাতো সজোরে মারতে থাকে, যার ফলে আমার ছেলের শরীরে দাগ হয়ে যায়। এইমতাবস্থায় আমি আমার বাচ্চাদের প্রান বাচানোর জন্যে চিৎকার চেচামেচি করলে মহম্মদ আলি স্ত্রী হাসিদা বেগম আমার উপর চড়াও হয় এবং এলোপাথারি আমাকে মারতে শুরু করে। এরপর পাড়া প্রতিবেশিরা যখন ছুটে আসে তখন মহম্মদ আলি সকলের সামনে আমার পরনের শাড়ি টেনে অর্ধেক খুলে দেয় এবং আমি পাড়া প্রতিবেশির সামনে লজ্জায় নিজেকে হাত দিয়ে ঢেকে বসে পরি সেই সময় মহম্মদ আলির স্ত্রী হাসিদা বেগম আমাকে বলে যে, "তোকে আজ প্রানে মেরেই ফেলবো" এবং আমাকে প্রানে মেরে ফেলার উদ্যেশে মাটিতে পড়ে থাকা পাথর দিয়ে আমার মাথায় স্বজরে খুবই গুরুতর আঘাত করে, যার ফলে আমার মাথার বাঁ পাশের হাড্ডি ফেটে গিয়ে গলগল করে রক্ত পড়তে থাকে, এই পরিস্থিতিতেও মহম্মদ আলি আমার মাথার বাঁ পাশে লাথি মেরে পালিয়ে যায়। এবং আশে পাশের লোকজন আমাকে শুকনা ব্লক প্রাইমারি চিকিৎসা কেন্দ্রে নিয়ে যায় এবং সেখানে আমি ডাক্তার দেখাই এবং ডাক্তার আমাকে মাথার সিটি স্ক্যান, এম.আর.আই. করতে বলে এবং আঘাতের ফলে মাথা ফেটে যায়ওয়ার জন্য আমার মাথায় তিনটা সেলাই পরে। ১৬-০৯-২০২২ থেকে আজ নভেম্বর মাস হয়ে গেলো আমি এখনো ডাক্তার বাবুর চিকিৎসার অধিনে আছি (সিটি স্ক্যান ও ব্রেন এর এম.আর.আই. করিয়েছি) এবং শারিরিক ভাবে এখনো অসুস্থ। আজো আমার মাথা ঘুড়ায়, রোঁদে বেশি বেড়োতে পারি না ভারি কাজ করতে পারি না মাঝে মাঝে চোখে ঝাপশা দেখি। দীর্ঘ দিন যাবৎ অসুস্থ থাকার দরুন আমি পুলিশ প্রশাসনের কাছে কোন অভিযোগ করতে পারি নাই। আমার স্বামী সুরজ মাহাতো কে মহম্মদ আলি এবং তার স্ত্রী হাসিদা

পুজামাহাতো

অপর পৃষ্ঠায়............৩

বেগম হুমকি দিয়েছিল যে যদি থানায় অভিযোগ করে তাহলে মেরে হাত পা ভেঙ্গে দিবে এবং আমার বাচ্চাদের কেউ দেখার থাকবে না।

এমতাবস্থায় আপনার নিকট আমার বিনীত নিবেদন উপরিউক্ত ঘটনার সরজমিনে তদন্ত করে উক্ত দোষি ব্যক্তিগনের বিরুদ্ধে যথাপোযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহন করে দোষি ব্যক্তিদের হাত থেকে আমার ও আমার পরিবরের জীবন বাঁচান।

ধন্যবাদান্তে

নিবেদন ইতি

পুজা মহতো

(পুজা মাহাতো)

৮৫৯৭০৭৫৪৯৭ (মো)

**Copy to:-**

**The Commissioner**
**Siliguri Police Commissionerate**
**Mallaguri, Dist. Darjeeling.**

**Enclo:-**

1) **Xerox Copy of Medical Report dated 16.09.2022 issued by Sukna Primary Health Centre, Dist. Darjeeling.**

2) **Xerox Copy of OPD Patient Card (Containing 2 Pages)** এই কার্ডের মধ্যেই লিখা আছে ডাক্তার বাবু আমাকে **19.09.2022, 21.09.2022, 24.09.2022, 28.09.2022** তারিখে আমার চিকিৎসা করেছে.

3) **Xerox Copy of C.T. Scan Report.**

4) **Xerox Copy of Medical Document dated 26.09.2022.**